



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.৪৩.১০১.২০১৬- ৩৭২


তারিখ: ২০/০৫/২০২২ খ্রি.

বিষয়: সরকারি মদন মোহন কলেজ, সিলেট-এ কনডেমন্ড ঘোষিত দুটি এ্যাকাডেমিক ভবনের নিলামে প্রাপ্ত সর্বোচ্চ মূল্য অনুমোদন সংক্রান্ত।

সূত্র: কলেজ স্মারক নং: ২১৪৪৮/২২, তারিখ: ০৩/০৪/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, সরকারি মদন মোহন কলেজ, সিলেট এর অধ্যক্ষ তাঁর কলেজে কনডেমন্ড ঘোষিত পুরাতন দুটি এ্যাকাডেমিক ভবনের সর্বোচ্চ নিলাম মূল্য ৬,০৬,৩৭৮.১৮ এবং ৮,৯৮,৬৮৩.১৪ টাকা অনুমোদনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে আনুষঙ্গিক কাগজপত্রাদিসহ আবেদনপত্র দাখিল করেন। বিগত ২২/০৩/২০২২ তারিখ অনুষ্ঠিত জেলা কনডেমনেশন কমিটি কর্তৃক নিলাম দরপত্র মূল্যায়ন সভায় কলেজের কনডেমন্ড ঘোষিত দুটি ভবন নিলাম বিক্রিতে মেসার্স সাদিয়া এন্টারপ্রাইজ এবং মেসার্স ইয়ান এন্টারপ্রাইজ-কে সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান হিসেবে নির্বাচন করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের ০৮/১২/২০১৪ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.০৭-১০১২ সংখ্যক পরিপত্রের অনুচ্ছেদ-৭(খ) মোতাবেক এবং জেলা কনডেমনেশন কমিটির সুপারিশের প্রেক্ষিতে উক্ত কনডেমন্ড ঘোষিত ভবন দুটি সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক প্রাপ্ত নিলাম মূল্য যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এতদ্বারা অনুমোদন করা হলো। উল্লিখিত নিলাম সংক্রান্ত পরবর্তী কার্যক্রম সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ প্রচলিত বিধি মোতাবেক সম্পন্ন করবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



মীর রাহাত মাসুম-১৬৩৯৮  
সহকারী পরিচালক (কলেজ-৪)

ফোন নং-৪১০৫০২৮৭

অধ্যক্ষ

সরকারি মদন মোহন কলেজ

সিলেট

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, সিলেট ও সভাপতি, স্থানীয় কনডেমনেশন কমিটি।
- ০৪। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
- ০৫। মেসার্স সাদিয়া এন্টারপ্রাইজ এবং মেসার্স ইয়ান এন্টারপ্রাইজ।
- ০৬। পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৭। সংরক্ষিত কপি।